

ইসলামী বিশ্ববিদ্যালয়

কুষ্টিয়া-বিনাইদহ

২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং/ফার্ম) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের
আবেদন পদ্ধতি :

(ক) ইসলামী বিশ্ববিদ্যালয়ে ইউনিট-A (বিজ্ঞান শাখা), ইউনিট-B (মানবিক শাখা) ও ইউনিট-C (বাণিজ্য শাখা) তে আবেদন করার জন্য <https://www.iu.ac.bd/admission> ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন করার জন্য ক্লিক করুন বাটনে ক্লিক করতে হবে। এরপর login করার জন্য এইচএসসি/সম্মান এর বোর্ড, এইচএসসি/সম্মান পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, এইচএসসি/সম্মান এবং এসএসসি/সম্মান পরীক্ষার রোল নম্বর, GST ভর্তি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। উল্লিখিত তথ্যগুলো সঠিকভাবে Input দেয়ার পর Apply বাটনে এ ক্লিক করতে হবে। প্রদত্ত তথ্য সঠিক হলে পরবর্তী ধাপে যাবে।

(খ) এই ধাপে আবেদনকারীকে আবেদনের ইউনিট পছন্দ করতে হবে। আবেদনকারী যে সকল ইউনিটে আবেদন করতে ইচ্ছুক, সেই সকল ইউনিটের চেকবক্স-এ টিক দিবেন। সুতরাং আবেদনকারীর পছন্দের সবগুলো ইউনিটের চেকবক্সে টিক দেয়ার পরামর্শ দেয়া হচ্ছে। পছন্দের ইউনিটসমূহের চেকবক্সে টিক দেয়ার পর Next বাটনে ক্লিক করলে পরবর্তী ধাপে যাবে।

(গ) পরবর্তী ধাপে আবেদনকারী তার নির্ধারিত ফি দেখতে পাবেন। আবেদনকারী চাইলে Change Unit বাটনে ক্লিক করে ইউনিট পরিবর্তন করতে পারবেন। ইউনিট নির্ধারণ ঠিক থাকলে আবেদনকারী Payment অপশন/বাটনে ক্লিক করবেন। Payment বাটনে ক্লিক করলে পেমেন্ট গেটওয়ে ওপেন হবে। এখান থেকে CARDS/mBANKING/iBANKING এর যেকোন একটি অপশন নির্বাচন করে নির্দেশিত ধাপ অনুসরণ করে পেমেন্ট সম্পন্ন করা যাবে। যেমন, mBANKING এ ক্লিক করলে নগদ, বিকাশ, রকেট, এমক্যাশ, উপায়সহ সবকটি অপশন দেখাবে। আবেদনকারী তার প্রয়োজনীয় অপশনটি সিলেক্ট করে পেমেন্ট সম্পন্ন করবেন।

(ঘ) পেমেন্ট সম্পন্ন করার পর Subject choice বাটনে ক্লিক করবেন। আবেদনকারীকে অগ্রাধিকার ভিত্তিতে বিষয় পছন্দ (Subject Choice) করতে হবে। ওয়েবসাইটে প্রদর্শিত তালিকার সবগুলো বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই গুরুত্বপূর্ণ। আবেদনের শেষ সময় পর্যন্ত পছন্দকৃত বিষয় পরিবর্তন করতে পারবেন তবে ফাইনাল সবমিটের পর আর পরিবর্তন করা যাবে না। পরবর্তী সময়ে আবেদনকারীর প্রদত্ত বিষয় পছন্দক্রম কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। তাই ভর্তিচ্ছু শিক্ষার্থীকে ভেবেচিন্তে বিষয় পছন্দক্রম সাজাতে হবে।

(ঙ) Subject Choice সম্পন্ন করার পর Next এ গেলে SAVE এবং FINAL SUBMIT বাটন আসবে। আবেদনকারী Save করে রাখলে আবেদনের শেষ সময় পর্যন্ত পছন্দকৃত বিষয় পরিবর্তন করতে পারবেন এবং বাম পাশের মেনু থেকে Acknowledgement Slip ডাউনলোড করতে পারবেন। আর FINAL SUBMIT বাটনে ক্লিক করলে Acknowledgement Slip Auto Generate হবে। আবেদনকারী পরীক্ষার্থীকে Acknowledgement Slip ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ পেমেন্ট সম্পন্ন করার পর পূরণকৃত ফরমে যে তথ্য দেয়া হয়েছে তা পুনরায় চেক করতে হবে। মনে রাখতে হবে Final Submit Button-এ Click করার পর পূরণকৃত ফরমের কোন তথ্য পরিবর্তন করা যাবে না। তাই Final Submit Button-এ Click করার আগেই নিশ্চিত হতে হবে যে ফরমটি যথাযথভাবে পূরণ করা হয়েছে। চেক করার পর সকল তথ্য যথাযথ হলে Final Submit Button-এ Click করতে হবে।